ঝরন চলে গিয়ে আমার ওপর অসহ্য দায়িত্বের বোঝা চাপিয়ে গেছে। ওর বাড়িঘর জীবনটা ঝুড়ে দিয়ে 'নদীপারুটাই' বিষয় হয়ে উঠেছে। এবং বেটা ইতিহাসের সত্যটা। ওর সাহিত্যসত্তা হিসেবে আমার ভূমিকাটাও ইতিহাসের অনুসরণ হয়ে গেছে।

অনেকেই ঝরনকে বড়-করা আমার কর্তব্য হয়ে পড়েছে। যেন ওর সম্পর্কে কোনো ভুল না হয়। ওকে যেন আমরা যথাযথ মূল্যায়ন করতে পারি।

আমা আমি আশ্চর্যও আমাকে সমর্থন করেছে। সেই কারণেই এই বিনীত প্রচেষ্টার।



সাহিত্য ও সংস্কৃতি

আমার জীবন ও ভারতের কমিউনিস্ট পার্টি

মুজফ্ফর আহমদ

স্মৃতিচারণে সমসাময়িক চিত্র

বছর বছর আগে অমৃতবাজার পত্রিকার এক বিশেষ সংখ্যায় আচার্য নরেন্দ্রদেব ভারতবর্ষের কমিউনিস্ট পার্টির একটি ইতিহাসের মসলা প্রকাশ করেন। সেই মসলাটি বলাবাহুল্য, তাঁরই অসাধারণ এবং তাঁর মতো ভারতীয় কমিউনিস্ট পার্টির প্রতিষ্ঠাতাদের ধারা ঐতিহাসিকের দৃষ্টিভঙ্গিতে বিচার হয়েছিল। কিছুকাল আগে নরেন্দ্রদেবের সঙ্গে এই বিষয়ে আলোচনা প্রসঙ্গে জেনেছিলাম যে, তিনি একটি পূর্ণাঙ্গ ইতিহাস রচনায় হাত দিয়েছেন। সম্ভবতঃ তাঁর কৃত্য এইদিনে প্রকাশিত হয়েছে। যখনই সেই গবেষণাধর্মী ইতিহাসের বাইরে মাঝে মাঝে কিছু আলোচনা প্রকাশিত হয়েছে এবং প্রত্যক্ষভাবে যাঁরা ভারতীয় কমিউনিস্ট পার্টির সঙ্গে জড়িত ছিলেন বা এখনও আছেন তাঁরা তাঁদের কথা বলেছেন। তাঁদের মুজফ্ফরের আহ্বান একজন প্রবীণ কমিউনিস্ট নেতা, পার্টির তিনি বলা যায় কমিউনিস্ট পার্টির প্রতিষ্ঠাতাদের একজন লেখকের এবং বহুকালের তাঁর বয়স আশী পার হয়েছে। সাধারণতঃ অতীত আলোচনায় পক্ষপাতের প্রশ্ন ও প্রসঙ্গ আসে। এক্ষেত্রে তিনি কমিউনিস্ট পার্টির একটি বড়ো সংগে সংযুক্ত আছেন এবং কর্মপরিচালনার সক্রিয় ভূমিকা অনেক দেখেছেন। সম্প্রতি তাঁর 'আমার জীবন ও ভারতের কমিউনিস্ট পার্টি' নামক স্মৃতিচারণমূলক পুস্তক প্রকাশিত হয়েছে। এই গ্রন্থটিতে স্মৃতিচারণের মাধ্যমে সমসাময়িক চিত্র তিনি অনেকটা বজায় রাখতে সক্ষম হয়েছেন। বলাবাহুল্য এই গ্রন্থ শুধু স্মৃতিনির্ভর নয়, এর জন্য তাঁকে প্রচুর খাটতে পড়তে হয়েছে, তিনি সেইসবের সাহায্যে স্মৃতিকে সচেতন করে নিয়েছেন। ভূমিকায় তিনি বলেছেন—

'এই পুস্তকখানি ভারতের কমিউনিস্ট পার্টির সম্বন্ধে আমার স্মৃতিকথা, কোনো অবস্থাতেই এ পুস্তককে ভারতের কমিউনিস্ট পার্টির ইতিহাস বলা যায় না। ইতিহাস লেখার জন্যে আমি পার্টির খাতা নিয়েছিও হইনি। তবে, যেসকলেরা আমার পুস্তক হতে প্রচুর মাল-মসলা পাবেন।'

গ্রন্থের মুজফ্ফরের অভিমত যথেষ্ট প্রচুর তথ্য সমাবেশ করেছেন এবং তাঁরা ব্যক্তিজীবনে যা লিপিবদ্ধ করেছেন। সেখানে ফলে ইতিহাসী উপাদানের সন্ধান হয়েছে তার যথাযথভাবে সেগুলি হয়েছে।

এই জাতের যখন পরিচয়ের প্রয়োজন কথা হয়েছে কথা শুরুর আগে—এই ভাবে তিনি কিভাবে ভারতে কমিউনিস্ট পার্টি গড়ার কাজে নেমেছিলেন তার স্মৃতিকথা বিবৃত করেছেন। সম্পাদীসের অক্টোবর হুসোপুর গ্রামে ১৯১৬ সালের প্রথম ভাগে এক দরিদ্র পরিবারে তাঁর জন্ম। তাঁর পিতা অনুরূপ আলীসাহেব সম্পাদীসের আদালতে মুখতারী করতেন। বাল্য জুবানের একটি আরবী বাক্য উচ্চারণ করে তাঁর পাঠারম্ভ হয়েছিল, কিন্তু তাঁকে আরবী পড়তে হয়নি, তাঁর পাঠারম্ভ হয়েছিল যখনমোহন তর্কালঙ্কারের সিদ্ধান্তকৌমুদী প্রথমভাগ দিয়ে। উক্ত প্রাথমিক শ্রেণীতে পড়ার সময় তাঁকে পড়া ছাড়তে হয়। পরে অসমা আহমদীয়ার আরবী ব্যাকরণ ও পদ্যসংকলন ও হুসেনের পাঠ করেছেন। তখন ১৯০৩ সাল। স্কুলে বলাবাহুল্য অসুবিধার হয়েছে, কিন্তুর মুজফ্ফরকে ইংরেজী স্কুলে পড়াশোনার সুযোগ না পেয়ে মক্তবেরই ভিতরে উপলে যান। লেখক বলেছেন—

মনে পড়ে পাঠারম্ভের পরীক্ষার স্লেটখানা একখানা পাতলা কাঠ পড়ে ওপরের আমি কাঠিনালের টিকেই ভিজতে পাবিয়েছিলাম না। তখন একজন অনেকদিনের হিন্দু

চেপরাশি দরোয়ানরূপে হয়ে আমার একখানা পরদা দিয়েছিলেন।'

তিনি যখন কণ্ঠসহকারে কিছু অর্থ-সংগ্রহ করছিলেন তখন তাঁর বড়দাদা এসে হাঁকে বললেন, যাচ্ছ চল, হাইকুলেই হেমেন্দ্র পড়তে দেব।

লেখক ১৯১০ খৃষ্টাব্দে বেরাবালি জিলা স্কুল থেকে ম্যাট্রিকুলেশন পাস করেন। এরপর তিনি হুগলী মহসীন কলেজে ভর্তি হন, সেখান থেকে আসেন কলকাতায় এবং সেই থেকেই তিনি কলিকাতার স্থায়ী বাসিন্দা। ১৯০৭-এ বিবাহ হয়েছিল, লেখক বলেছেন—কিন্তু বিয়ে কোনোদিন অন্যের ঘর-সংসারে বসতে পারেনি।'

বঙ্গভঙ্গ আন্দোলনে তিনি জড়িয়ে পড়েননি, তবে তাঁর মনে ধীরে ধীরে সাম্রাজ্যবাদী মনোভাব জেগেছে। সন্ত্রাসবাদীদের কার্যকলাপের ভিতর তিনি হিন্দু-পুনরুত্থানের প্রয়াস লক্ষ্য করেছেন তবে বলেছেন—

'আমি কিন্তু ধর্মানুপ্রাণিত সন্ত্রাসবাদী বিপ্লবী আন্দোলনকে দোষ দিই না, এই কারণে যে তার আগে মুসলমানরাও তো এই হুজুগই করেছিল। তারাও চেয়েছিল মুসলিম রাজত্বের পুনঃপ্রতিষ্ঠা। মুসলিম আন্দোলন আরও বেশী প্রচণ্ডাত্মক ছিল।'

১৯০৬ থেকে ১৯১৮ পর্যন্ত লেখক মুর্শিদাবাদের কাজ করেছেন। এরপর বহরমপুরে বাঙলা সরকারের ছাপাখানায় ও সমসাময় কিছুকাল কর্পোরেশনের সার্টার হাউসে কাজ করেছেন। ইতিমধ্যে বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতি প্রতিষ্ঠিত হয় ১৯১১ খৃষ্টাব্দে। এখান থেকে প্রকাশিত হত বঙ্গীয় মুসলমান সাহিত্য পত্রিকা এবং সেই পত্রিকায় হিন্দুদেরও লেখা ছাপা হত, হিন্দু-মুসলমানরা সমিতির লাইব্রেরীতে বইয়ের বই দান করতেন। এই সাহিত্য সমিতির সহকারী সম্পাদক ছিলেন লেখক। সাহিত্য পাকো হাতেই কাজ করতে হত। শহীদুল্লাহ সাহেব ও মোজাম্মেল হক সাহেব পত্রিকার মুখ্য সম্পাদক ছিলেন, কিন্তু বেশী ভাগ তাঁরা করতেন না। কাগজ ছাপানো, লেখা সংগ্রহ করা ও তাকে দেওয়া প্রভৃতি সব কাজ লেখকই করতেন। লেখক বলেছেন—

'১৯১৮-র নভেম্বরে আমার যে সব সমবয়সী কর্মীর জীবন আরম্ভ হয়েছিল সেই জীবন আমার আজও অর্থাৎ ১৯৬৭ সালে এই কথাগুলি লেখার সময়েও চলেছে।' ১৯১৯-এ লেখক ভেবেছেন জীবনের পেশা কি হবে—সাহিত্য না রাজনীতি, এই নিয়ে তাঁর মনে দ্বন্দ্ব জেগেছে। ১৯২০-র সেপ্টেম্বর তিনি সাংবাদিক করে নেবেন এবং রাজনীতিই হবে লেখকের জীবনের পেশা। ১৯১৬ থেকে প্রস্তুত হোঁছল বলে মনে হয়, তিনি রাজনৈতিক সংগঠনের এবং বিপ্লবের অন্তরঙ্গ হয়েছেন এই সময় থেকে।

বিপ্লবীদের কার্যকলাপের সঙ্গে লেখকের ঘনিষ্ঠতার কথা ইতিপূর্বে বলা হয়েছে। লেখকের ইউনিভার্সিটি ইনস্টিটিউটে ১৯২০ খৃষ্টাব্দের ১৭ই অক্টোবর ভারতের কমিউনিস্ট পার্টির প্রথম ভিত্তি স্থাপন হয়। এই ব্যাপারে লেখকের প্রত্যক্ষ যোগ সেদিন ছিল না, তবে পরবর্তীকালে এই প্রসঙ্গ তাঁর এবং তাঁর জন্য সহকর্মীদের ওপর পড়েছে, এবং সেইখান থেকেই শুরু হয়েছে তাঁর রাজনৈতিক সংঘর্ষিকারণা।

ভারতের কমিউনিস্ট পার্টির ভিত্তি স্থাপন করেন মানবেন্দ্রনাথ রায়। তিনিই ছিলেন প্রধান উদ্যোক্তা। পরবর্তী কালে তিনি ১৯২৯-এ ভারতের কমিউনিস্ট পার্টি ও কমিউনিস্ট ইন্টারন্যাশনালের অন্যান্য সংগঠন থেকে বহিষ্কৃত হয়েছিলেন। পূর্ব-জীবনে তিনি অনুশীলন পার্টির সদস্য নরেন্দ্রনাথ ভট্টাচার্য ছিলেন। ১৯১৬ খৃষ্টাব্দে তিনি ভারতের বৈপ্লবিক কার্য-কলাপের প্রয়োজনে চীন, জাপান প্রভৃতি ঘুরেছিলেন তিনি, সেসবশেষে আমেরিকার ক্যালিফোর্নিয়া শহরের স্ট্যানফোর্ড বিশ্ব-বিদ্যালয়ে ডাঃ যদুগোপাল মুখোপাধ্যায়ের সঙ্গে বিখ্যাত সাহিত্যিক যদুগোপাল মুখোপাধ্যায়ের কাছে গিয়েছিলেন। সেই-খানেই তাঁর নামকরণ করা হয়েছিল মানবেন্দ্র-নাথ রায়—এই নামেই তিনি পরবর্তী-জীবনে খ্যাত হন। মানবেন্দ্রনাথ রায়ের জীবনের অনেক কথায় এই দুজনটি পরি-পূর্ণ, তাঁর কথা বহুবার উল্লিখিত হয়েছে এই গ্রন্থে এবং তাঁর সৃষ্টিকথা লেখকও প্রচুর সাহায্য নেওয়া হয়েছে।

মানবেন্দ্রনাথ রায়ের প্রথম স্ত্রী এক্টিনা গেনটের সঙ্গে মানবেন্দ্রনাথের প্রথম পরিচয় থেকে বিচ্ছেদের কাহিনী পর্যন্ত বিস্তারিতভাবে লিখিত হয়েছে এই গ্রন্থে। এরপর মাইকেল বোরোদিনের সঙ্গে রায়ের কি সূত্রে পরিচয় হয় এবং কিভাবে চীন-সিকোর কমিউনিস্ট পার্টির প্রতিষ্ঠা হয় ইত্যাদি বিষয়ে বিশদ বিবরণ দেওয়া আছে বইয়ে। এই সময়ে বিপ্লবী জর্জনী মুখার্জির সঙ্গে রায়ের পরিচয় হয়। জর্জনী মুখার্জি সম্পর্কে বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে ৩১৬ থেকে ৩২৭ পৃষ্ঠায়। জর্জনী মুখার্জি প্রসঙ্গে এত বেশী তথ্য ইতিপূর্বে সম্ভবত প্রকাশিত হয়নি।

এই গ্রন্থে আরেকজন প্রবীণ বিপ্লবীর বিষয় বিবরণ পাওয়া যাবে তাঁর নাম নলিনী গুপ্ত (ইনি পরিচয়ের নলিনী-কান্ত গুপ্ত নন)। কমিউনিস্ট পার্টির গোড়ার যুগে নলিনী গুপ্তের বলা ভূমিকা ছিল। তবে এই গ্রন্থে তাঁর যে আকৃতি পাওয়া যায় তা একটি চতুর বাঙালীর। মনে হয় আমরা এই নলিনী গুপ্তকে অনেক বছর আগে কলকাতার কফি হাউসে দেখেছি এবং অনেক আলোচনার মধ্যে তাঁর চেহারার চমকটুকু কিছু লক্ষ্য করিনি। নলিনী গুপ্তের বিষয় যা এই গ্রন্থে পাওয়া গেল তা ভবিষ্যৎ কৌতূহলোদ্দীপক। লেখকের এক শ্রেণীর রাজনৈতিক একেতারার

জাতীয় বন্ধুরা। নলিনী গুপ্ত মানবেন্দ্রনাথ রায়কেও অনেক বিষয়ে শিক্ষায় পরিণত করেছেন। নলিনী গুপ্তকে মার্কি লেনিনবাদ তিনি চিরঋণী বলেছিলেন।

'শরৎ মুখোপাধ্যায় বন্ধু সহ আমাদের প্রেসের মেসে কাজ করবেন। হয়ত মাসের মতো ওখানেই একবার বসে থাকবেন।'

নলিনী গুপ্ত জেলে ফিরে যাবার আগে একবার ১৮৩৯ সিলেন। তখন তার চিত্তরঞ্জন দাশ ও সুভাষচন্দ্র বসুর নামে বহু বহু চিঠি পাওয়া। সুভাষ বসুর মাত্রই পত্র এসেছিল লেখকের কাছে। তিনি সেই পত্র ভূপেন্দ্রকুমার দত্তকে দেখান। এজন্য তিনি সুভাষচন্দ্রের সহপাঠী ছিলেন তাই চিঠিখানি তিনি স্বহস্তে তাঁকে লেখার কথা লিখেছিলেন। কিন্তু তিনি সে চিঠি ফেরত দিয়ে বলেন, সে পত্র নিজ নয়। লেখকের সঙ্গে সুভাষচন্দ্রের পরিচয় ছিল না। তিনি লিখেছেন—

'পরদিন আমি একদিন সুভাষের নিকটে গেলাম। তিনি বললেন—যারা তাঁকে পত্র দিতে চান তাঁরা যেন সোজাসুজি লেখেন। সিভিল সার্ভিস পাস করে চাকরী গ্রহণ না করায় অহংকারে তাঁর তখন মাটিতে পা পড়ছিল না, তাছাড়া হয়তো একটা ভেবেছিলেন যে এক-এর মারফতে চিঠিপত্র গ্রহণ করা কেন তিনি মিছামিছি ঝঞ্ঝাটে জড়িত হয়ে যাবেন।'

সুভাষচন্দ্রের অহংকার বিষয়ে অন্য কোনো সমকালীন নজীর আর দেখা যায়নি।

এই গ্রন্থে শ্রীশচন্দ্র দত্ত জানার অনেকটি পত্র মুদ্রিত হয়েছে। এইসব পত্রাদি থেকে অরবিন্দ ঘোষালের ইন ফাই-নিয়ানকে লিখেছিলেন তাহার চিন্তা করে। লেখক বলেছেন—

'আমলে যে তাঁহার মনোভাব করেছিল সেই অনুযায়ী তাকে যদি তখনই মুক্তি দেওয়া হত তাহলে তার ভবিষ্যৎ জীবন নিয়ন্ত্রণের জন্য দেখা হয়ে যেত। সে যে সন্দেহাতীত ভাবে গভর্নমেন্টের হোম ডিপার্টমেন্টের মোতায়েন কাজ করার মুক্তি পেতে চেয়েছিল সে কাজ সে কখনও করতে পারত না। রাজনৈতিক জীবনে প্রতিষ্ঠিত থেকেই শুধু সে গভর্নমেন্টকে খবর সরবরাহ করতে পারত। এজন্য তাকে গভর্নমেন্টের হোম ডিপার্টমেন্ট বুঝেছিল, জানে বুঝেনি। ভবিষ্যতে কাজে লাগাতে পারে এই ভেবে তাকে গভর্নমেন্টের হোম ডিপার্টমেন্ট তখন জানাতে মুক্তি দেননি।'

জানে সম্পর্কে এমনই আরো অনেক সময়ে এই গ্রন্থে পাওয়া যাবে।

সুদীর্ঘ সাড়ে ছ শত পৃষ্ঠার গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দেওয়া অসম্ভব। শুধু কেবল চমকপ্রদ তথ্য নয় তার কথা উল্লেখ করা গেল। মানবেন্দ্র রায়কে নিয়ে এই জাতীয় বই এর আগে আর লেখা হয়নি।

গ্রন্থ শেষ হয়েছে। ১১২১-এর জুলাই মাসে গ্রন্থের বাঁধাইকর্ম করা হলেও সেই সময়ে ১১২১-এর ৩রা ডিসেম্বর পর্যন্ত চলে যায়। সেই বছর ৪ঠা ডিসেম্বর ক'লকাতা থেকে এই সংবাদ ঘোষণা করা হয়। রবীন্দ্রনাথ নিজে এবং তাঁর ভাই জ্যোতিরিন্দ্রনাথ উপস্থিত থেকে গ্রন্থ চীনের অন্তরঙ্গ যে ফুল করেছিলেন তার জন্য তাঁর সুখ্যাতি সমালোচনা হয়। ২৭শে এপ্রিল ১১৮০-এ একটি চিঠিতে লেখককে রবীন্দ্রনাথ লিখছেন—

"Then came his discrediting in connection with India. Apart from the denunciation theory, he was attacked, firstly, because he had given what were regarded as exaggerated reports about the strength of the Communist Party in India and his influence there and, secondly, because he was attempting to build a Workers and Peasants Party as a kind of alternative to the Communist party."

লেখক বলেছেন—"এম এন রায়ের সাহিত্য প্রচারের ভিতর দিয়ে আমাদের দেশে আলোড়নের অনেক উপকরণ হয়েছে এবং রাজনীতিকভাবে তাঁর খ্যাতিও বেড়েছে। কিন্তু এম এন রায়ের অধিবেদনা ও অর্থলোভের জন্যেই দেশে বড় পার্টি গড়ে উঠতে পারল না।"

লেখকের মনে প্রশ্ন জেগেছে—"জানার জন্যে আমার মনে যে এত কম নিজেকে তিনি বিপ্লবের কাজের জন্য প্রস্তুত করলেন সেই তিনি কি করে সেই বিপ্লবের টাকা আত্মসাৎ করলেন?"

এই প্রশ্ন অনেকের মনেই জাগবে এবং হয়ত একদিন উত্তর তথ্য প্রকাশিত হবে। তখন জানা যাবে এম এন রায় নিজের ব্যক্তিগত প্রয়োজনে বিপ্লবের টাকা আত্মসাৎ করেছিলেন কি করেন নি? যারা এম এন রায় প্রসঙ্গে গবেষণায় লিপ্ত, তাঁরা হয়ত এ প্রশ্নের জবাব দিতে পারবেন।

শ্রীযুক্ত মুখোপাধ্যায় যে অক্লান্ত সাধনায় এই গ্রন্থটি রচনা করেছেন তার জন্য তিনি অভিনন্দনযোগ্য। গ্রন্থটির মুদ্রণ-পারিপাট্য তুলনাহীন।

—অভয়ঙ্কর

আমার জীবন ও ভারতের কমিউনিস্ট পার্টি

মুজফ্ফর আহমদ প্রণীত। প্রকাশক : ন্যাশনাল বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড। কলিকাতা—১২। মূল্য : ষোল টাকা মাত্র।

সাহিত্যের খবর

পৃথিবীর বিভিন্ন ভাষায় যে বাংলা সাহিত্যের কিছু কিছু অনুবাদ হচ্ছে, তার সংবাদ আমরা মাঝেই 'অমৃতে' প্রকাশিত হয়েছে। সম্প্রতি এরকম আর একটি সংবাদ প্রকাশিত হয়েছে। জানা গেছে, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'কালিন্দী' উপন্যাসটির ইংরেজি অনুবাদ প্রকাশ করছেন ইউনেস্কো। কালিন্দী তারাশঙ্করের 'হাঁসুলী বাঁকের' উপন্যাসটির অনুবাদের কাজ চলছে। লোকনাথ ভট্টাচার্যের সহধর্মিণী শ্রীমতী হুলস ভট্টাচার্য এই অনুবাদ করছেন। এর আগে শ্রীমতী ভট্টাচার্য ফরাসী ভাষায় 'পথের পাঁচালীর' অনুবাদ করেছেন। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের নাকি আরো তিনটি উপন্যাস ফরাসী ভাষায় অনুবাদের কথা ইউনেস্কো চিন্তা করছেন। আর শুনছি, ইউনেস্কো আরো উপন্যাস, ছোটগল্প, কবিতা ইত্যাদি অনুবাদে সচেষ্ট হবেন এবং প্রতিষ্ঠিত লেখকদের আরো উৎকৃষ্ট গ্রন্থ অনুবাদে আগ্রহী হবেন। কতদূর জানা আছে, কেন কোন গ্রন্থ অনূদিত হবে তার প্রাথমিক নির্বাচন অনুবাদকরাই করেন। তাই অনুবাদকদের কাছে অনুরোধ তাঁরা যেন স্বয়ং গ্রন্থ নির্বাচন করে অনুবাদ করেন। আমরা দেশ বিদেশের উদ্যোক্তাদের তাহলে অভিনন্দন জানাবো।

গত ২৬-২৮ ডিসেম্বর বোম্বাই শহরে নিখিল ভারত মৈথিলি সাহিত্য সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সম্মেলনের সব চেয়ে উল্লেখযোগ্য দিক হল, এতে মৈথিলি সাহিত্য ও ভাষার সাম্প্রতিক সমস্যা সম্বন্ধে একাধিক সাহিত্যিক এবং সমাজতত্ত্ববিদের বক্তব্য সংকলন করে একটি 'স্মারকগ্রন্থ' প্রকাশ। পাঠকদের অবগতির জন্য প্রশ্নগুলি তুলে ধরা যাচ্ছে। (ক) মৈথিলি ভাষী সরকারী কর্মচারীদের অনেকে মৈথিলি ভাষার মৈথি এঁরা সরকারী পরীক্ষায় বিরোধিতা করছেন— এসম্বন্ধে আপনার অভিমত কি? (খ) বিহার সরকারের উদ্যোগে মৈথিলি ভাষায় অনেক পাঠ্যগ্রন্থ প্রকাশিত হয়। কিন্তু মৈথিলিভাষী ছাত্রেরা সে সুযোগ থেকে বঞ্চিত হয়। আপনি কি মনে করেন না, সরকারী উদ্যমে মৈথিলি ভাষার পাঠ্যগ্রন্থ প্রকাশ করা উচিত? (গ) মৈথিলি সাহিত্যের গবেষণা গ্রন্থ প্রকাশের জন্য মৈথিলি অকাদেমী গঠন করা কতদূর যুক্তিযুক্ত? এছাড়াও আরো কয়েকটি প্রশ্নের উত্তর বিশেষজ্ঞ সাহিত্যিকরা। প্রায় সকলেই মৈথিলির সপক্ষে অভিমত প্রকাশ করেছেন।

সম্প্রতি ভারতীয় সাহিত্যের আরো কয়েকটি ইংরেজী অনুবাদ-গ্রন্থ প্রকাশিত হয়েছে। এর মধ্যে প্রথমেই উল্লেখ করতে হয় প্রখ্যাত হিন্দি কবি ও উপন্যাসিক 'অজ্ঞেয়র' গ্রন্থ 'ই ইজ দিজ সেভেনফর'। অনুবাদ করেছেন লেখক স্বয়ং। এতে অস্তিত্ববাদ সম্বন্ধে অনেকটি মৌল গ্রন্থ উদ্ঘাটন করা হয়েছে। দ্বিতীয় গ্রন্থটি হল একটি পাঞ্জাবি উপন্যাস। এর লেখক হলেন রাজিন্দর সিং বেদি। অনুবাদ করেছেন খুশবন্ত সিং। তৃতীয় গ্রন্থটি হল ভারতীয় লোককথার ইংরেজী অনুবাদ, সংকলন। প্রখ্যাত বাঙালাম লেখক মুখোটী কৃষ্ণচন্দ্রা। গ্রন্থটির নাম 'দ্য ওয়ান এন্ড অনলি ইন্ডিয়ান ফোক-টেল্‌স'। বেছে নিয়েছেন ভট্টাচার্য অনুবাদ করেছেন বিষ্ণুপদির কবিত। এতে বিদ্যাপতির একশটি কবিতার অনুবাদ সংকলিত হয়েছে। চতুর্থ গ্রন্থটির নাম 'কবিতাবলী' তুলসী-দাসের কবিতার অনুবাদ করে প্রকাশ করেছেন প্রাণনাথ আনন্দ। প্রবাসী ভট্টাচার্য প্রকাশ করেছেন 'সমকালীন ভারতীয় লেখক অনুবাদ। গ্রন্থ পঞ্চ অনুবাদ করে এর আগেই তিনি প্রকাশ করেছিলেন। দ্বিতীয় খণ্ড সংকলিত হয়েছে বাইশ জন লেখকের বাইশটি গল্প। সুতরাং দেখা যাচ্ছে, ভারতীয় সাহিত্য সম্বন্ধে ইদানিং বিদেশে কিছুটা আকর্ষণ সৃষ্টি হয়েছে।

অস্ট্রেলিয়ার তরুণ কবি নরমান ডৌসনের প্রথম কবিতাগ্রন্থটি প্রকাশিত হয়েছে। এই গ্রন্থটির নাম "স্পেসেস অব এ কিমেল ইউনিভার্স"। ডৌসনের কবিতার প্রধান বৈশিষ্ট্য হল, তিনি মননশীলতার সঙ্গে সম্পর্কের সমন্বয় ঘটিয়েছেন।

চিকাগো বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত 'মাইক্রিক পত্রিকার বর্তমান সংখ্যায় কয়েকজন ভারতীয় সাহিত্যিকের সঙ্গে সাক্ষাৎকার প্রকাশিত হয়েছে। কয়েকটি সাক্ষাৎকার সাহিত্যরসিকদের দৃষ্টি আকর্ষণ করবে। যেমন মুখোমুখি লিখতে গিয়ে প্রশ্ন করা হয়েছিল, আপনি কেন পাঞ্জাবিতে না লিখে ইংরেজিতে লিখতে আরম্ভ করেন। তিনি উত্তরে বলেছেন—"প্রথম কারণ, ইংরিজিই একমাত্র ভাষা, যে ভাষায় আমি লিখতে পারি। আমি পাঞ্জাবি, হিন্দি, উর্দু জানি—কিন্তু এই সব ভাষায় স্বচ্ছন্দে বোধ করি না। যখন আমাকে জিজ্ঞেস করা হয়, আমার মাতৃভাষা কি, আমি নির্দ্বিধায় বলি, 'ইংরেজি'। আমি মনে করি, ইংরেজি সবচেয়ে উন্নত ভাষা, হিন্দি, উর্দু বা পাঞ্জাবির চেয়ে এর সাহিত্য উন্নততর। তাই এই সব ভাষা থেকে আমি ইংরেজিতে অনুবাদ করি। .....তাছাড়া একটা অর্থনৈতিক কারণও আছে। আমি যা কিছু অল্প-স্বল্প লিখেছি, তাতে আমি যা অর্থ বা সম্মান পেয়েছি, তা আমা ভারতীয় ভাষায় লিখলে পেতাম না"। শ্রীনিবাসের মন্তব্য কতদূর সত্য তা জানি না। তবে যা, ভারতে না হলেও বিদেশে আজি আমার অনুবাদের [illegible]

নতুন বই

রবীন্দ্রনাথের গদ্যরীতি। (আলোচনা)—অরুণকুমার সরকার। সারস্বত লাইব্রেরী। ২০৬ বিধান সরণী, কলকাতা—৬। দাম পাঁচ টাকা।

রবীন্দ্রনাথের বিষয়ে অনেক বই লেখা হয়েছে এবং হচ্ছে। আরো হবে। দিন যত এগোবে, নতুন নতুন চিন্তার যত বিকাশ ঘটবে, তত্তই রবীন্দ্রনাথের এপর নতুন আলোকে পাত হবে। এটা আনন্দের।

কবি রবীন্দ্রনাথ বড় না মনীষিনী রবীন্দ্রনাথ বড়, এ চিন্তা অনেকেরই মনে জাগে। উত্তর খুব সহজ নয়। কবি রবীন্দ্রনাথকে বোঝা যায়, কিন্তু গদ্যকবি রবীন্দ্রনাথের বৈশিষ্ট্য কোথায়? ভাষা ও রীতিতে তিনি কি এমন অভিনবত্ব সৃষ্টি করেছেন, যে তাঁর শ্রেষ্ঠত্ব মেনে নিতে হবে? অত্যন্ত সহজ এবং সুন্দরভাবে এই প্রসঙ্গ নিয়ে লিখেছেন অরুণকুমার সরকার 'রবীন্দ্রনাথের গদ্যরীতি' বই-এ।

আমরা জানি, বাঙলা গদ্যের অন্যতম শ্রেষ্ঠ লেখক রবীন্দ্রনাথ। রবীন্দ্রনাথের গদ্য সাহিত্য বিরাট। গল্প, উপন্যাস, সমাজনীতি, রাজনীতি, সাহিত্যসমালোচনা, বিজ্ঞান, শব্দতত্ত্ব, আত্মজীবনী, কোন বিষয়েই বা না লিখেছেন তিনি। বিভিন্ন বিষয়ের জন্যে তাঁকে উপযোগী ভাষা ও রীতির অনুশীলন করতে হয়েছে। নতুন রীতি অনুসরণ করেছেন।.. বিষয়বস্তুর তত্ত্বে ভাষা করেছেন আয়ত্ত। পরবর্তী নতুন রীতির জন্যে অপেক্ষা করেছেন। কখনো ফিরে গেছেন পুরোন রীতিতে। তাঁর গদ্যরীতি "সদা অস্থ-পরিবর্তমান রূপের অনন্য রূপে আলোকিত"। রবীন্দ্রনাথ পদ্য ও গদ্য চর্চা করেছেন সমান্তরালভাবে। পদ্যের তুলনায় গদ্য চর্চা ছিল কম। "ভাবাবস্তু পদ্যের চেয়ে গদ্যের আয়ত্তেই মানুষকে বেশি আকর্ষণ ও অভিভূত করে থাকে, তাই গদ্যকার রবীন্দ্রনাথ আমাদের মনে পদ্যকার রবীন্দ্রনাথকে আড়াল করে রাখে। কিন্তু গদ্যকার রবীন্দ্রনাথকে বিচার করলে দেখা যাবে একটি সম্পূর্ণ রবীন্দ্রনাথ হিসাবেই: তাঁর ভাষা, তাঁর সংগীত, তাঁর চিত্র সমস্ত সৃষ্টিকেই দেখতে হবে সমান্তরালভাবে। এটি স্পষ্ট বিশ্লেষণ যে, রবীন্দ্রনাথের কোনো সৃষ্টিই একে অপরের পরিপূরক নয়। চলনের মত ভাষার আছে সৃষ্টির কাজে রবীন্দ্রনাথ ভাষার প্রায় সব রীতিকেই ব্যবহার করেছেন, এবং তাঁর প্রতিটি সৃষ্টিই স্বয়ংসম্পূর্ণ। এদিক থেকে রবীন্দ্রনাথের সমকোটির দ্বিতীয় সৃষ্টিধর্মিতে আজো জন্মান নি"। (ভূমিকা)

অতঃ রবীন্দ্রনাথের গদ্যের রীতি ও পাওয়া যায়। ভাষা ও রীতির দিক থেকে তাঁর গদ্য হয়ে ওঠে যুগের চেয়েও সার্থক।

শ্রীঅরুণকুমার ভাষা ও রীতির দিক থেকে রবীন্দ্রনাথের সমস্ত গদ্যরচনাকে তিনভাগে ভাগ করেছেন। ১৮৭১ খৃঃ তত্ত্ববোধিনীতে যুরোপ প্রবাসীর পত্র ছাপার পূর্ব পর্যন্ত প্রথম পর্ব; তারপর থেকে ১৯১৮ খৃঃ পর্যন্ত দ্বিতীয় পর্ব; তার থেকে আরম্ভ করে ১৯১২ খৃঃ জীবনস্মৃতি প্রকাশ পর্যন্ত তৃতীয় পর্বকাল। ১৯১৬ খৃঃ থেকে বাইরে উপন্যাস প্রকাশ থেকে চতুর্থ পর্বের সূত্রপাত।

রবীন্দ্রনাথের গদ্যরীতির বিবর্তনের রূপরেখাটি স্বচ্ছ এবং সাবলীলভাবে ফুটে উঠেছে শ্রীঅরুণকুমারের আলোচনায়। তাঁর গদ্যরীতির অন্যতম বৈশিষ্ট্যের পরিচয় দিয়েছেন লেখক। ভাষারীতির বহিরঙ্গের অর্থাৎ বাক্যগঠন, শব্দপ্রয়োগ, অলংকরণ এসবের ওপর নজর দেননি। কারণ এ ধরনের সহজরীতির সমালোচনা বাংলা দেশের গদ্যলেখকরা সব সময়ই করেছেন। "ভাষার রীতির মূল পরিবর্তন যে কখনই লেখকের খেয়াল খুশির পরিণাম নয়, ভাববস্তুর প্রকৃতির সঙ্গে অভিপ্রেত সম্পর্কে সম্পর্কিত এইটি মনে রেখে তাঁর গদ্যরীতির মূল পরিবর্তনের ঐতিহাসিকতা এবং ক্রম পরিবর্তিত গতিরেখাটি স্পষ্ট করে তুলতে চেষ্টা করেছেন লেখক। তাঁর এ চেষ্টা খুবই সার্থক হয়েছে।

সূর্য পতনের ঘণ্টা (কবিতাগ্রন্থ)—শিবেন চট্টোপাধ্যায়।। বিচিত্রা প্রকাশনী, ৭, নবীন কুণ্ডু লেন, কলকাতা-৯।। দাম ৩ টাকা।।

প্রকৃত সৎ কবি কখনো ধারিত্রহীন হতে পারেন না। কবিতার ব্যবহৃত প্রতীক সম্পের ওজন, ব্যবহার ও প্রতিক্রিয়ার সম্পর্কে তিনি নিজেও সচেতন হতে থাকা। শিবেন চট্টোপাধ্যায় তেমনই কবি, যাঁর ভালো-মন্দবিচারের অন্তর্লোকের জাগরণ কবিতার প্রকাশ ধরণীর মধ্যে মূল রূপগত পরিবর্তন ঘটায়নি, গুণগত মূল্যায়নের স্যোগও দেয়েছে।

এই কাব্যগ্রন্থের প্রথম কবিতা আত্মজনের সঙ্গে বহির্জগতের সঙ্গে অন্তর্জগতের সাযুজ্য লক্ষণীয়। বর্তমান কাল, পরিবেশ ও সমাজ যেন আর্তনাদময়।

ঠোঁট কেটে যেতে আজকের সমস্ত
চীৎকারে উত্তর আসা—
স্থির জলাশয়—
ভালিত সন্ধ্যের কাঁপা নিঃশ্বাসে ঢাল
সরলতা - উপন্যাস - সিরিজ-বিপরিবর্ত
সমূলে বঞ্চিত আজকে। আজকে। পদ্য

কোনো কোনো কবিতায় জীবনে তাঁর কবিতার অন্তিমবাহীন জোনজীবনের বিরুদ্ধে প্রতিবাদের অভিব্যক্তি প্রকাশ। কিন্তু অধিকাংশে কবিতাতেই তিনি সংযোগী, উদ্দীপ্ত, আত্মবাদী ও বিষয় আত্মসমর্পণকারক। নৈর্ব্যক্তিক তন্ময়তা ও অন্তিমতায় হয়ে তাঁর কবি-মন প্রতিকিয়াকলাপ অন্তরের অভিলাষী। শিবেনবাবুর কবিতায় দেখা যায়, একদিকে প্রকাশ বাস্তবজগতের আয়তন-সংক্ষিপ্ত পটভূমি, অন্যদিকে বিশ্বের কিনারে মহাশূন্যের আর্ত-অস্তিত্বতা। কিন্তু তিনি এসবের ঊর্ধ্বে ওঠার মন্ত্রে দীক্ষিত। পথের নিশানা জানেন—

সামনে পুরন্ত নদী খরস্রোতা
জলস্রোত হৌদ্রের ঢেউ
ফেনা উঠছে সুবর্ণমুখী পদ্ম।

এখানেই শিবেন চট্টোপাধ্যায়ের সার্থকতা। এখানেই তিনি সাম্প্রতিক কবি ও কবিতা-পাঠকের সঙ্গে অভিন্নিত্ব ও সাযুজ্যিক। তিনি যে অভিপ্রায় কবি তাতে কোনো সন্দেহ নেই। এ-গ্রন্থের অন্তর্ভুক্ত কবিতাই বর্তমানের মনে রাখবার মতো।

সাময়িক ও পত্র-পত্রিকা

রবীন্দ্র-ভারতী পত্রিকা (কার্তিক-পৌষ, ১৩৭৬)—সম্পাদক। প্রফুল্লকুমার মল্লিক। ৬।৩, দ্বারকানাথ ঠাকুর লেন, কলকাতা—৭। দাম। এক টাকা।

এই সংখ্যায় লিখেছেন হিরণ্ময় বন্দ্যোপাধ্যায়, বটকৃষ্ণপ্রসাদ পট্ট, সাধনকুমার ভট্টাচার্য, শ্যামসুন্দর বন্দ্যোপাধ্যায়, রমা চৌধুরী, সুবোধচন্দ্র মজুমদারধারণ, সৌরীন্দ্রনাথ ভট্টাচার্য, শঙ্করলাল মুখোপাধ্যায়, সুরেন্দ্রনারায়ণ দাস, অমিয়রঞ্জন মল্লিক, অজিতকুমার ঘোষ ও অমলেন্দু মল্লিক। কাব্যগ্রন্থির অন্তরায় উত্তর করার মাধ্যমে সম্পাদক অধিকতর বহুশীল হয়ে পাঠক-পাঠিকার উপলব্ধ হবেন।

দি ইণ্ড-ইরেন (অক্টোবর ১৯৬৯)—সম্পাদক। কিরণশঙ্কর পাল। দি কিরণ, কলেজ, উত্তরপ্রদেশ। দাম। দু টাকা পঞ্চাশ পয়সা।

ধর্ম ও দর্শনবিষয়ক পত্রিকা। প্রকৃতে উদীয়মান সূর্যের ছবি—জ্ঞান ও বিকাশের প্রতীক। প্রচ্ছদ বিষয়ে আকর্ষণী। লিখেছেন। বটকৃষ্ণপ্রসাদ চট্টোপাধ্যায়, এ কে সিনহা, পাহাড়ী পাল, এ কে ঘোষ, এম এল শ্রীবাস্তব, কে সি পাল ও সি পি শ্রীবাস্তবরায়। সম্প্রতিকালে ধর্ম-দর্শনের পরিপ্রেক্ষিত আলোচনা করা হয়েছে। কয়েক করে আছে

অন্ধকারের মুখ

দেবল দেববর্মা

— ছয় —

অমরেশের মুখে কিছু ক্ষণ কোনো কথা যোগাল না। সংবাদটা শুধু অপ্রত্যাশিত নয়, প্রায় অভাবনীয়। ডাক্তার ভৌমিককে দেখল। ডাক্তারের মুখখানাই যেন পাল্টে গেছে। বিস্ময়ে চোখ দুটো বড়-বড়। রক্তশূন্য ঠোঁটের মুখটা ছোট্ট এতটুকু, ঠোঁট দুটো অল্প অল্প নড়ছে। হাতের ফাইলটা যেন ভারে কাঁপছে। মুখের এই প্রশ্ন তাকানো, ছাই-রঙা হয়ে যাওয়া দেখেই বোঝা যায় ডাক্তার ভয় পেয়েছে।

অনেকক্ষণ পরে অমর কথা বলল,— মানে, আপনি কি বলতে চাইছেন? তার কণ্ঠস্বর কাঁপা-কাঁপা শোনাল।

ডাক্তারের দৃষ্টি সহকারীটির অনেক বড় অমরেশের মুখের উপর ফোকাসড্ করেছিল। একবার ঘাড় ফিরিয়ে তাকিয়ে সে বলল—অ্যাকসিডেন্ট ডিপার্টমেন্ট থেকে সেই রিপোর্টটা দিয়েছে। অবশ্য ডেড-বডি পরীক্ষা করে আমার মনে একটা সন্দেহ হয়েছিল ডাক্তার বলে। কথাটা আমি আপনাকে ইঙ্গিতও করে বলেছিলাম।

—কি কথা বলুন তো মিঃ সান্যাল? অমর ভাঙাগলায় বলল, তাকে খুব চিন্তিত এবং চঞ্চল দেখাল।

ওর ভাবভঙ্গি দেখে ডাক্তার মনে-মনে হাসল। লোকটা ভোগাচ্ছে। সে বলল,— খারাপ হবেন না ডাক্তার হয়। সমস্ত কথা আপনার সামনে আলোচনা করব বলেই আমি এসেছি। ডেড-বডি দেখে আমার মনে একটা খটকা লেগেছিল। মিসেস বসুর বাঁ দিকের দাঁতগুলির একটা উপরে আমি একটা ছোট্ট লক্ষ্য করি।

—কেন?' অম্বর প্রশ্ন করল।

রাজীব বলল,—হ্যাঁ। শরীরে জ্বর ওঠাটাই স্বাভাবিক। তবে চামড়ার নীচে রক্ত জমে একটু অস্বস্তি বোধ হয়। মিসেস রায়ের বাঁ পায়ের মোক্ষণিক কিছুটা উপরে আমি তেমনি একটা দাগ লক্ষ্য করি। ব্যাপারটা তখন আমার কাছে পরিষ্কার হয় নি। এখন ফরেন্সিক লাবরেটরীর রিপোর্টটা পেয়ে সন্দেহের নিরসন হল।'

অম্বরের মুখটা এবার কালো দেখাল। আকুলভাবে সে বলল,—প্লীজ ইন্সপেক্টর। আপনি আর একটু খুলে বলুন। ব্যাপারটা তাহলে কি দাঁড়াচ্ছে? আপনি কি মনে করছেন?'

রাজীব ঈষৎ হাসল। ধীরে-ধীরে সে বলল,—আমি অনেক কিছু ভেবে ফেলি ডাক্তার রায়। অনেকগুলি দিকের দিকে চিন্তা করি। সব কথা আপনাকে এখনই খুলে বলতে চাই না। তবে আমি জানে যা বলেছি, ব্যাপারটা ঠিক তাই। নীলা দেবী আত্মহত্যা করেন নি। তাঁকে খুন করা হয়েছে।'

—নীলা খুন হয়েছে?' অম্বর প্রায় আর্তনাদ করে উঠল,—কি বলছেন আপনি?' সে ফের বলল।

—ঠিকই বলছি ডাক্তার রায়।' রাজীব জোরের সঙ্গে কথা কইল। 'ব্যাপারটা এখন আর ঘোরাতে নেই। কাজের মত স্বচ্ছ, দিবালোকের মত পরিষ্কার। যে খুন করল তার দুষ্কৃতির তারিফ না করে সাধ্য উপায় নেই।'

অম্বর 'বড়-বিড় করে বলল,—খুন? নীলা খুন হল?'

রাজীব বলল,—পায়ের মোক্ষণির ঠিক উপরে একটু পাশের দিকে সরীসৃপ জাতের একটা প্রাণীর দংশন-চিহ্ন অনেকেরই চোখে পড়ে। সবাই ওর নাম জানে না। 'কিন্তু আপনি নিশ্চয় ওর পরিচয় জানেন ডাক্তার রায়?'

অম্বর মুখ না তুলেই বলল,—জানি। ওটা সাপেনাস ভেন। ডাক্তারেরা অনেক সময় সাপেনাস ভেনে ইঞ্জেকশন পুশ করেন।'

—আপনি ঠিক বলেছেন।' রাজীব ওকে সমর্থন করল। 'এ ক্ষেত্রেও সেই ব্যাপারই ঘটেছে। মিসেস রায়কে মরফিন ইঞ্জেকশন দেওয়া হয়েছে ডাক্তার রায়। ইন্টাভেনাস ইঞ্জেকশন এবং সম্ভবতে সাপেনাস ভেনেই তা পুশ করা হয়েছিল।' একটু থেমে রাজীব ফের বলল—বেশ ডোজ ডোজে মরফিন দেওয়া হয়েছে বলেই আমার বিশ্বাস। নইলে এত তাড়াতাড়ি হৃদয় স্তব্ধ হত না।'

—মরফিন ইঞ্জেকশন দিয়ে নীলাকে খুন করা হয়েছে?' অম্বর অস্বাভাবিক মত কথা বলছিল। — 'কিন্তু কেন? কে খুন করল?'

ওর মুখ থেকে কথা কেড়ে নিয়ে রাজীব বলল,—ঠিক এই প্রশ্নটাই আমি আপনাকে করতে চাই ডাক্তার রায়। নীলা দেবীকে কে খুন করল? কেন খুন করল?' পকেট থেকে সিগারেটের প্যাকেটটা বের করে সে অম্বরের দিকে এগিয়ে ধরল। কিন্তু অম্বর মাথা নেড়ে আপত্তি জানাল। বলল,—এখন থাক। সিগারেট খেতে ইচ্ছে করছে না।'

রাজীব আর জোর করল না। প্যাকেট খুলে নিজে একটা সিগারেট নিল। লাইটার বের করে তাতে অগ্নি সংযোগ করল।

অম্বর বলল,—আপনার অনুমান অবশ্য আমি কেমন করে মেনে নিই বলুন? নীলা কেন খুন হল? কে একে খুন করল, এর কোনো কূল-কিনারা আমি কিছু ভেবে পাচ্ছি না। সবচেয়ে ব্যাপারটাই আমার কাছে দুর্বোধ্য ঠেকছিল মত হচ্ছে।'

রাজীব ধীর স্বরে বলল, — আপনার কাউকে সন্দেহ হয় ডাক্তার রায়?'

—সন্দেহ?' অম্বর আপনমনে চিন্তা করল। সম্ভবত কথাটা সে ভাবছিল। হাত কপালে দু-তিনটি কুঞ্চিত রেখা ফুটে উঠল। মাথার চুলে একবার অঙ্গুলেতোয়ে হাত বুলিয়ে নিয়ে অম্বর বলল,—আমার মেজাজ সব গুলিয়ে যাচ্ছে।'

একটু হেসে রাজীব সিগারেটে ছোট টান দিল। তার পর মুখ নিয়ে কিছু ধোঁয়া বেরোল। দু কুঞ্চকে রাজীব বলল,—সন্দেহ করবার মত কাউকে না পেলেই কিন্তু সুবিধা। লোকে তখন আপনাকেই সন্দেহ করবে ডাক্তার রায়।'

—আমাকে?' অম্বর একটা আহার জলির করল। খুব ভয় পেলে মুখের চেহারা যেমন বদলে যায়, তেমনি পরিবর্তন মুখে অম্বর লক্ষ্য করল। হাত পরার সময় যেন নয়ন এবং ছিপছিপে মনে হল। অম্বর বলল,—আমাকে কেন আমাকে সন্দেহ করবে ইন্সপেক্টর?'

রাজীব মেঘ হাসল। — 'এর উত্তর তো অনেক সহজ ডাক্তার রায়। আপনার সঙ্গেই মরফিন ইঞ্জেকশন দেওয়া হয়,—ইন্টাভেনাস ইঞ্জেকশন, এবং পরে মাথার বালিশের ঠিক পাশেই খুনের ওষুধের একটা 'অ্যাম্প' ফেলে খুনী সরে পড়ে। ফোলডারটি চেয়ারার। খুনের সমস্ত পরিকল্পনাটাই নিখুঁত, সুপরিচ্ছন্ন সাজানো। ঘরে ঢুকে একজনকে ডাক্তারের মনে হওয়া স্বাভাবিক যে নীলা দেবী খুনের বড়ি খেয়ে সুইসাইড করেছেন। দেবী ডাক্তার স্লিপিং পিল খেয়ে মৃত্যু বরণ করেছিল,—খুন আর করে না। কিন্তু পরে জানা গেল এটা হোমিসাইড,—সুইসাইডের কেস নয়। মিসেস রায়কে মরফিন ইঞ্জেকশন দিয়ে খুন করা হয়েছে।'

অম্বর মুখটা ফুলাতে চাইল। 'কিন্তু এর মধ্যে আমাকে কেন জড়ানো হবে? খুনের সঙ্গে আমার সম্পর্ক কি? আমি তো সমস্ত রাত হাসপাতালে ডিউটি দিয়েছি।'

—ইয়েস ডাক্তার রায়। রাত্রে আপনি ছিলেন না। হাসপাতালে ডিউটি দিতে গিয়েছিলেন। এটি নিঃসন্দেহে একটি জোরাল যুক্তি এম সিদ্ধান্তই তা আপনার সপক্ষে যাবে। পুলিশ যদি আপনাকে খুনের অপরাধে অভিযুক্ত করে, তাহলে এই অনুপস্থিতির জন্যই হয়ত আপনি বেকসুর খালাস পাবেন। মানে, ইট ইজ টু এ কেস তা হলে আপনিই কি খুন করেছেন?'

অম্বর চিৎকার মত আকাশ। কদ্ধে মুখ করে সে বলল,—পুলিশ কি আমাকে খুনের অপরাধে অভিযুক্ত করতে চায়?'

রাজীবের দৃষ্টি শাণিত, ধারাল হল। মুখ গম্ভীর দেখাল, ইচ্ছে করলে আপনাকে অবশ্য এখনই অ্যারেস্ট করা যায়। মরফিন ইঞ্জেকশন দিয়ে নীলা দেবীকে খুন করা হল। যে খুন করল সে নিশ্চয় চিকিৎসা-শাস্ত্রের ব্যাপারটা জানে। ইন্টাভেনাস ইঞ্জেকশন দিতে পারে। আপনি মেডিক্যাল-ম্যান। এটা জানেন তো, মিসেস রায়কে খুন করতে অবশ্যক অন্ত-পক্ষে দুটো ইঞ্জেকশন আপনাকে দিতে হয়েছে। এক-পুলিস ইঞ্জেকশন জোগাড় করা সাধারণ লোকের কর্ম নয়। আপনি নিজে চিকিৎসক এবং তিনি খুন হয়েছেন তিনি আপনার সহধর্মিণী। সুতরাং এই কেস আপনাকে একজন সন্দেহভাজন ভেবে আরেস্ট করতে বাধা কোথায়?'

অম্বরের মুখের দিকে এক পলক তাকিয়েই রাজীব চুপ করল। তাহার যেন নাড়ীজ্ঞান হয়ে গেছে। হেমন্তের মুখ। আলো-ছায়াময় চলচ্চিত্রে দৃষ্টি। ডাক্তার-খাওয়া জানোয়ারের মত লোকটা ফুঁসছে গর্জাচ্ছে। কিন্তু ওকে চাঙা করা প্রয়োজন। নইলে কে হবে তার পথ-প্রদর্শক? খবর-খবর করে মুখ থেকে সরতে হবে?

সিগারেটটা পুড়ে যাই। রাজীব সেটি ফেলে দিয়ে এক গাল হাসল। অম্বরের দিকে তাকিয়ে বলল,—কিন্তু ডাক্তার রায়, আপনি নিশ্চিন্ত থাকুন। আরেস্ট করা যুক্তে যাক, পুলিস আপনাকে একটি খুনী আসামী বলে ভাবতেও চায় না। আপনার কাছ থেকে আমরা হেল্প চাই ডাক্তার রায়। পুলিসের সঙ্গে আপনি সহযোগিতা করুন।'

—'হেল্প? সহযোগিতা? আপনি কি বলতে চাইছেন ইন্সপেক্টর? আমি কিছুই বুঝে উঠতে পারছি না।' অম্বর তোতার মত তাকিয়ে রইল।

রাজীব আবার হাসল। অম্বরের এই স্বাভাবিক হেসে সে বলল,—সহযোগিতা

আজ আপনাকে কোনো কষ্ট করতে হবে না। পুলিশ আপনার কাছ থেকে কিছু জানতে চায় তারার হয়। আপনি যদি মন খুলে কথা বলেন, তাহলে আমি একুনি মুক্ত করতে পারি।'

ভদ্রলোক মানুষ দেখে সামনে একটা কিছু থাকলে সেটাই দু হাতে আঁকড়িয়ে ধরে, অন্তত ঠিক তাই করল। ঐশানিক মত গলাটা রাজীবের দিকে এগিয়ে দিয়ে সে বলল,—'কি বিষয়ে কথা জানতে চান বলুন? আমি আপনার সব প্রশ্নের জবাব দিতে রাজি।'

রাজীব মনে-মনে হাসিল। তার অনুমান পরীক্ষা করা হয়েছে দেখে সে খুশী হল। চেয়ারে আরাম করে হেলান দিয়ে রাজীব বলল। সিগারেটের প্যাকেটটা বের করে ধরে ধরে মৃদু মৃদু করল।

—'কিছু মনে করবেন না অনুরোধ রইল। আমি ইতর একটু, অভিজ্ঞতার চর্চা করছি।' রাজীব যেন ভনিতা করেই মৃদু হাসল। সিগারেটের একটা ছোট টান দিয়ে সে পুনরায় বলল,—'অবশ্য আমা উপায় নেই। খুব আবশ্যক না হলে একান্ত বাধ্যতা এবং সৌজন্যটা এই প্রসঙ্গে আমি কখনও তুলতাম না।' অম্বরের চোখের দিকে তাকিয়ে রাজীব ধীরে-ধীরে বলল,—'আমার প্রশ্নটা নীলা দেবীর সম্বন্ধে। আপনাদের বাল্যজীবন এবং আপনার বিবাহের আগে কিছু জানবার আছে।'

—'বলে ফেলুন। কি জানতে চান বলুন?' অম্বর প্রায় পরীক্ষার্থীর মত কথা বলল।

—'আপনাদের বিবাহ কত দিন আগে হয়েছিল?'

—'মাসখানেক উত্তর দেওয়ার মত মুখে ছিলেন অম্বর বলল,—'সাত বছর আগে আমাদের বিয়ে হয়। তখন আমি সবে চাকরিতে ঢুকেছি।'

—'বিয়ের পর থেকে মিসেস রায় আপনার সঙ্গেই থাকতেন তো?'

—'আজ্ঞে হাঁ। অবশ্য বিয়ের পর প্রথম দিকে এ একটু, বছর-খানেক বাপের বাড়ি থেকে। একমাত্র মেয়ে বলে-পড়েছে মিস কিন্তু মাস-খানেক বাপের বাড়িতে থেকে এসেছে। তারপর আমার ঘন্টা-দাড়ি বাঁধা

হাওড়া কুষ্ঠ কুটির

[illegible]

সেবেন। সেও আমার বিয়ের বছর দু-এক আগেই। বাস, বাপের বাড়ি যাওয়া ওর এক রকম বন্ধ হল। মাঝে-মাঝে অবশ্য কলকাতায় যেত। কাকার বাড়িতে দু-এক মাসির কাটিয়ে আবার ফিরে এসেছে।'

—'আচ্ছা, এখানে তো আপনি বছর-খানেক হল এসেছেন?

—'ঠিক এক বছর নয়, তার একটু বেশীই হবে। আমি হাসপাতালে জয়েন করি লাস্ট এপ্রিলে।'

—'এর আগে কোথায় ছিলেন?'

—'কোলাঘাটে। আমা ছেলেবেলা সেখানে। তার দু বছর ছিলাম। ওখান থেকেই পলাশপুরে ট্রান্সফার হই।'

—'আচ্ছা তা হলে, বিয়ের পর থেকে এই সাত বছরে আপনাদের কোনো ইসুয়ে হয় নি?' রাজীব প্রশ্ন করল।

অম্বর আস হাসল। দু-এক সেকেন্ড পরে সে বলল,—'আমাদের বিবাহিত জীবনে ওটাই প্রথম ট্রাজেডি মিঃ সান্যাল। নীলা দেখতে সুন্দরী ছিল বলে মেয়েরা ওকে নাকি হিংসে করত। একটা কথা এরা জানত না। বাইরে থেকে আমার স্ত্রীর সুঠাম সরীর এবং মেয়ের সম্পূর্ণতাই সকলের চোখে পড়ত। কিন্তু ওর ভিতরটা ছিল ঠিক বিপরীত। ছোট মেয়ের মত অপরিণত, অসম্পূর্ণ। এবং এই অসম্পূর্ণ ওর পক্ষে মা হওয়া কোনদিন সম্ভব হত না ডিসপেনসেরীর।'

রাজীব দুঃখ প্রকাশ করল। বলল,—'নীলা দেবী একথা জানতেন আমার মনে?'

—'হাঁ, সে জানত। কলকাতার স্পেশালিস্ট দেখিয়েছিলাম। তাঁরাই আমাকে বলেছিলেন। নীলাকে কাজেও গোপন করেনি।'

এই নিয়ে মেয়েদের মনে কোনো ক্ষোভ ছিল না আমার মনে?'

—'কিছু ছিল?' অম্বর একটা গভীর নিশ্বাস ফেলে বলল—'কিন্তু মনে হয় অবশ্যেও নীলা তা কখনও প্রকাশ করেনি। ও একটু অন্য ধরনের মেয়ে ছিল মিঃ সান্যাল। কারো কাছে অন্তরের দীনতা প্রকাশ করতে চাইত না। এমন কি আমার কাছেও সংকোচ বোধ করত।'

—'তাহলে সন্তান না হওয়ার জন্য আপনাদের দাম্পত্যজীবনে যৌনমিলন অসম্ভব হত ওঠেনি?'

—'না।' অম্বর দৃঢ়কণ্ঠে জবাব দিল। বলল,—'আমি নিজে সাবধান। এমন যেন আমি। মেয়ের ভিতরে যদি কোনো খুঁত থেকে যায়, তার জন্য মানুষ দায়ী নয়। অনিচ্ছাকৃত হলেও তা স্বাভাবিক বলে মেনে নেওয়াই শিক্ষিত মনের পরিচয়।'

—'এ কথা ঠিক।' রাজীব সম্মতি জানাল। একটু চিন্তা করে সে বলল,—'নীলা দেবীর থিয়েটার-নাইকের উপর খুব ঝোঁক ছিল, তাই না আমার মনে?'

—'হাঁ, আমি শুনেছি বিয়ের আগে একটা অমেচার থিয়েটার ক্লাবে ও মাঝে-মাঝে যেত। নিজেও প্রায়ের মেজাজও হয়েছিল।'

—'বিয়ের পরে তাদের সম্পর্ক কেমন যোগাযোগ ছিল?'

—'আমি ঠিক জানি না।'

—'পলাশপুরে এসেই উনি থিয়েটার-কর্তৃক নিয়ে মেতে উঠলেন, তাই না?'

—'হেসে, সমস্ত ব্যাপারটা আপনাকে খুলে বলি। পলাশপুরে এসে নীলা কলেজে ভর্তি হতে চাইল। বিয়ের আগে ও থ্রি-ইউনিভার্সিটি পরীক্ষায় পাশ করেছিল, তিনটা কোর্সে আর ভর্তি হয় নি। পড়ার কলেজে ভর্তি করতে আমার খুব আগ্রহ ছিল না। কিন্তু নীলা এমন জিদ ধরল যে, আমি রাজি না হয়ে পারি নি। অনিচ্ছুক হলেও অবচেতন মনে আমি এমনি কিছু চেয়েছিলাম। ছেলেপুলে না হওয়ার জন্য নীলার মনস্তত্বে একটা শূন্যতা ছিল। ও যদি লেখাপড়া করে শূন্যতাকে কিছু আগে পূর্ণ করতে চায় তাতে আমি বাধা দেব কেন? আমার সঙ্গে মিশেই নীলা একদিন কলেজে ভর্তি হল। ইতিহাসে অনার্স নিল। পড়াশুনোর সুবিধে হবে বেশ একজন প্রফেসরের কাছে সপ্তাহে দুদিন টিউশনি পড়বারও ব্যবস্থা করে দিলাম।'

কথার মধ্যেই রাজীব বলল,—'কিন্তু অনার্সের ছাত্রী হয়েও থিয়েটার-নাইকের উপর ওর ঝোঁক বেড়ে গেল কেন?'

—'তার কারণও আপনাকে বলছি। অভিনয়ে নীলার বরাবরই আগ্রহ। আমি যখন গ্রামের দিকে ছিলাম, তখন ছোট ছেলে-মেয়েদের লিখিয়ে-পড়িয়ে ও যেন সুখের কারণ করত। কলেজে ঢুকেই নীলার খ্যাতি হল। ওদের থিয়েটার হয়। ছেলে-মেয়েরা মিলে অভিনয় করে। বইটার নামটা আমি ভুলে যাচ্ছি। কিন্তু নীলার অভিনয় দেখে সবাই খুব প্রশংসা করল। মাস কয়েক পরে কলেজে ফের থিয়েটার হল এবং সেবারেও নীলা একাই আসর মাত করল। অভিনয়ে কেউ ওর ধারে-কাছে যেতে পারে নি।'

রাজীব মৃদু হাসল। সিগারেটে একটা টান দিয়ে সে বলল,—'আপনারটা বুঝতে পেরেছি। তারপরই বোধহয় উনি টাউন ক্লাবের থিয়েটারে পার্ট নিলেন?'

—'ঠিক বলেছেন। কলেজের ও অভিনয় দেখে অনেকেই প্রশংসা করে। তাই টাউন ক্লাবের নাইকে ওর ডাক পড়ল।'

—'সিগারেটে একটা লম্বা টান দিয়ে রাজীব অনেকক্ষণ চিন্তা করল, তার চোখের দিকে তাকিয়েই অম্বর বুঝতে পারল। মানুষটা গভীরভাবে কিছু ভাবছে। অনেক-ক্ষণ পরে রাজীব কথা বলল, 'আচ্ছা আমার ধারণা, মিসেসকে টাউন ক্লাবের নাইকে নামতে দিতে আপনি আপত্তি করেন নি?'

'আপত্তি! মানে,—' অম্বর চোক গিলল। মৃদু হেসে রাজীব বলল,—'ডোমেস্টিক এবং বাহ্যিক আপনার মনেও আমার কাছে তা লুকোবেন না আমার ধারণা, তাতে আপনারই ক্ষতি হবার সম্ভাবনা।'

—'না, না। লুকোব কেন?' অম্বর তাড়াতাড়ি বলল, কিন্তু তবু তার কণ্ঠস্বরে দ্বিধা এবং সংশয় প্রকাশ পেল।

রাজীব বলল, — 'আমি জানি ডাক্তার রায়, ঠাঁই ক্লাবের নাইকে নীপা দেবীকে আঁকবার জন্যেই আপনি দিতে চান নি। আপনার সম্পূর্ণ অমতেই মিসেস এ কাজ করেছিলেন।'

অম্বরকে খুব বিশ্বিত মনে হল। মুখ তুলে সে বলল,—'একথা আপনি কেমন করে জানলেন?'

রাজীব একটুও চঞ্চল হল না। অম্বরের চোখের দিকে সে স্থিরদৃষ্টিতে তাকিয়ে রইল। 'আমি আরো একটা ব্যাপার জানি ডাক্তার রায়।' একটু থেমে সে যোগ করল, —'নীপা দেবী কিসের ব্যাপারে ফেরেবিলেন। এবং স্থীকে সিনেমায় নামতে দিতে আপনি রাজি হন নি। এই নিয়ে দুজনের মধ্যে তুমুল তর্কাতর্কি হয়েছিল।'

অম্বর হাত নাড়িয়ে উঠল। 'সিনেমায় নামার কথা আপনাকে কে বলল মিঃ সান্যাল? এ নিশ্চয় সেই আঁকিয়ে সমাদ্দারের কাজ। বজ্জাতটা ছিনে-জোঁকের মত আমার পিছনে লেগেছিল। খালি বলত, প্রতিভাকে তার বিকাশের পথ করে দিন। নইলে শিল্পীর অপমৃত্যু হবে। শেষ পর্যন্ত ওর কথাই ফলল ইন্সপেক্টর। লোকটা পাজী,—এক নম্বরের শয়তান।'

বাঁ চোখটা ঈষৎ ছোট করে রাজীব বলল—'ডঃ বনাল থাকে কোথায় জানেন?'

অম্বরকে খুব উত্তেজিত মনে হল। 'কোথায় আবার থাকবে? সিনেমা-থিয়েটার করে বেড়ায়। ওদের কি ঠিকঠিকানার ঠিক আছে? এখানে শুনেছি দেবরাজ ঠিকাদারের বাড়িতে থাকত। দুজনে একেবারে হরিহর আত্মা।'

—'দেবরাজ মিত্তও কি আপনার বাড়িতে আসত?' রাজীব সন্দিগ্ধ দৃষ্টিতে তাকাল।

মুখ নামিয়ে অম্বর বলল,—'এসেছে দু-একবার।'

—'একটা কথা বলব ডাক্তার রায়?' রাজীব রহস্য করে তাকাল। 'সুন্দরী স্ত্রী হলে স্বামী বেচারার এক জ্বালা। মনে সোয়াস্তি নেই—নানা রকম সন্দেহের আনাগোনা। আমার চুলগুলো ও তাই। নীপা দেবীর হাবে-ভাবে, ব্যবহারে আপনার মনে কখনও সন্দেহ দানা বেঁধেছিল?'

অম্বর নিরুত্তর।

রাজীব বলল,—'চুপ করে থাকবেন না ডাক্তার রায়। পরিকল্পনা করে, কাঁদ এঁটে হত্যা করলে খুনীকে ধরা বড় কঠিন হয়ে পড়ে। এই কেসে খুনী অবশ্যই চতুর। বুদ্ধি-প্রভ দৃষ্টিসম্পন্ন বলেই আমার বিশ্বাস। তার সঙ্গে বুদ্ধির খেলায় এঁটে উঠতে হলে, আমাদেরও কৌশল চাই। ফাঁদ তৈরি করতে হবে। কাজেই আপনি আর সঙ্কোচ করবেন না। পরিষ্কার করে সব কথা বলুন।'

রাজীবের কথার মন্ত্রের মত কাজ হল, অম্বর মাথা নীচু করে ছিল। এবার সোজা হয়ে বসল, 'আমি সব কথা বলব ইন্সপেক্টর। কিন্তুই গোপন করব না।' সে খাড় সোজা করে তাকাল। এদিকে-ওদিকে দ্রুত চোখ বুলিয়ে নিয়ে অম্বর গলা নামিয়ে বলল, 'আমি আঁকিয়ে হিসেবে ইন্সপেক্টর, পুরুষ বন্ধুদের সঙ্গে ওর মাখামাখি, ঘনিষ্ঠতা আমার বুকে কাঁটার যন্ত্রণা সৃষ্টি করেছে। দিনে-দিনে আমার সন্দেহ বাড়ছিল। সত্যি বলছি, এমনিভাবে চললে, হয়ত একদিন ওকে আমি গলা টিপে মারতাম। কিন্তু বিশ্বাস করুন মিঃ সান্যাল, নীপাকে আমি খুন করি নি। ওকে মারবার ইচ্ছেকল্পনা নিয়ে আমি যাই নি।'

রাজীব আশ্চর্য হল। ডাক্তার পাগল হল নাকি? উত্তেজনায় চোখে এর জ্ঞান-জ্ঞান লোপ পেয়েছে। মনে যা আসছে তাই বলছে। নইলে খটকে খুন করবার ইচ্ছে হয়েছিল, এমন কথা কেউ পুলিসকে বলে?

—'কার সঙ্গে মিসেস রায়ের সবচেয়ে বেশী বন্ধুত্ব ছিল বলতে পারেন?' রাজীব প্রশ্ন করল।

—'বলতে পারি। সে ছোকরা এই কলেজেরই প্রফেসর। নাম নীলাদ্রি সেন। থিয়েটার রোডে নাকি ডিরেক্টরি। নীপাকে মাসিকার হোলে ওই নামিয়েছে।'

—'আই সী।' রাজীব সিগারেটটা মুখ থেকে নামিয়ে বলল, 'আর দেবরাজ মিত্ত? তার সঙ্গেও তো নীপা দেবীর যথেষ্ট বন্ধুত্ব ছিল?'

—'নিশ্চয় ছিল, দেবরাজই তো এই বইয়ের হিরো—'

—'তাই নাকি?' রাজীব একটু হাসল, 'তাহলে হিরো-হিরোইন আর ডিরেক্টর। আপাতত তিনজনকে পাওয়া যাচ্ছে, আর একজন হল আঁকিয়ে সমাদ্দার। লোকটা নীপা দেবীকে ফিল্মে নামাতে চেয়েছিল।' রাজীব ঠিক অঙ্ক কষবার মত হিসেব করল।

বাঁ হাতের করতলের সাহায্যে কপালটা চেপে ধরে রাজীব যেন বলল,—'আচ্ছা, মিসেস রায় তার কাছে পড়তেন?'

—'হিস্ট্রির প্রফেসর অনিমেষ বক্সীর কাছে। সেও একটি চীজ। অল্পতে মেজাজ গরম হয়ে যায়। এখানে বেশীদিন টুইশনি করে নি। অনেকে ফিরেছে, অনিমেষ বক্সী পড়াতে রাজি হয় নি। অথচ আমরা একটু চেপে ধরতেই লোকটা একবার নীপার মুখের দিকে তাকাল। আর তারপরই পড়াতে রাজি হল।'

একটু হেসে রাজীব উঠে দাঁড়াল। 'এখন চলি ডাক্তার রায়, বিকেলের দিকে আমি একবার আসতে পারি। আপনি কি তখন থাকবেন?'

—'নিশ্চয় থাকব।' অম্বর সঙ্গে সঙ্গে বলল, 'কিন্তু আবার আসবেন কেন?' তার কণ্ঠস্বর সাঙ্ঘাতিক, ঠাণ্ডা মনে হল।

রাজীব কথা বলল না। ওর ভীত, নার্ভাস মুখের দিকে তাকিয়ে হাসল।

ইতস্তত করে অম্বর কথাটা বলল,—'পুলিস কি আমাকেই খুনী বলে সন্দেহ করছে?'

রাজীব জোর হাসল। লোকটা ভীষণ দুর্বলচিত্ত আর ভেতরে ভেতরে। সে বলল, —'সন্দেহ করা খুব সহজ কাজ। পুলিস আর ডাক্তারের আপনার কি আসে যায়? একটু থেমে আবার বলল রাজীব,—'সন্দেহ করা সহজ হলেও অভিযোগ প্রমাণ করা খুব কঠিন। পাহাড়ের চূড়ায় ওঠার মতই দুরূহ কাজ। সুতরাং চিন্তা করবেন না।'

●

আফিসে ফিরে রাজীব দেখল চাঁদ-মনকে নিয়ে সুব্রত অপেক্ষা করছে। কাল রাত্তিরেই ওকে নির্দেশ দেওয়া ছিল। সুব্রত ঠিক ডিউটি করেছে।

লোকটার মাথার চুল বিপর্যস্ত কাক-ক্ষেতের মত উস্কোখুস্কো। শুকনো অসহায় মুখ। ভীত, সন্ত্রস্ত চাউনি। দেখলে মনে হয় লোকটা পুলিসের হেফাজতে নেই। একে অন্যায়ের হাতে সমর্পণ করা হয়েছে।

ফোন করার ভূমিকা না করেই রাজীব বলল,—'নীপা দেবীকে আপনি চিনতেন?'

'নীপা দেবী মানে নরেশবাবুর ভাইঝি তো?'

—'হ্যাঁ, ওকে আপনি আগে চিনতেন?'

—'চিনতাম মানে কি—' লোকটা আমতা আমতা করল।

—'মনে-টনে রেখে যাহোক কথা বলুন।' রাজীব ধমক দিল।

—'বলছি হুজুর।' লোকটা সজাগ থাকল, 'নরেশবাবুর ভাইঝিকে দুচার-বার দেখেছিলাম।'

—'কোথায়?'

— —'স্টেশনের ভিতর,—মানে কি পাড়ির ব্যাপার।'

রাজীব ভুরু কুঁচকে তাকাল।

চাঁদমনের বলল,—'ভাবলেশশূন্য মুখে কথা কিছু বলছে। মিথ্যেকথার ঝাঁপি আছি,—সব কোই উঠবে মনে। আমি একেবারে ঘাবড়ে গেলাম। আউট অফ স্টেশনারে নরেশবাবুকে ভাইঝি জামাকাপড় উঠিল। উল্টে কি সাথ এক ছোকরা। আমি ভেবেছিলাম কি, ফোনো হাজ-ব্যাণ্ড টাণ্ড ওরাইফ হবে। পাড়ি ছাড়িল। ও লোক ঘাবড়াচ্ছিল খুবে আমার। ভোরাঁকি ডা ভিতরে মিনি-মিনি হাঁকি। পাপ্প আর ডাকু ব্যাপারী। আমি বড়লে আমি সবকিছু পারি। ভোঁকিল ঘাবড়াচ্ছিল আমে চাকি ভো ডাক্তার হুজুর। মানুষে সমান কি ও লোকে হাজ-ব্যাণ্ড-ওয়াইফ সাজি হয়। ফোনো ভেদ লাভের ব্যাপার হুজুর।'

উৎসাহ দিয়ে রাজীব বলল,—'তারপর?'

'ট্রেন ছাড়ল? সেই কথাই তো বলছি হুজুর। ভাবা খালী যায় ছাড়ি একজন যাত্রীকে খুজলাম। দরওয়াজা বন্ধ করে চুপচাপ দাঁড়িয়ে। হঠাৎ মনে কি হল হুজুর। দরওয়াজা খোলা খুলে আমি দেখলাম—'

—'কি দেখলেন?' রাজীব প্রশ্ন করল।

—'মানুষ মরলে কি যায় হুজুর?' লোকটা মুখে আতঙ্ক ভাষা দিয়ে সন্ত্রস্ত-ভাবে তাকাল।

—'বলে ফেলুন চটপট। দেরি করছেন কেন?—রাজীব ধমক দিল।

এক পলক থেমে চাঁদমন বলল,—'দেখলাম কি ও লোকটা নরেশবাবুর ভাইঝিকে কিস্ করছে হুজুর।' চেয়ারে

রামকৃষ্ণদেব ও কল্পতরু উৎসব

তারানন্দন বন্দ্যোপাধ্যায়

ইতিহাসে — বাংলাদেশের ঊনবিংশ শতাব্দীর ইতিহাসই কেন এত উজ্জ্বলতর অধ্যায়। একেবারে পরবর্তী অর্ধশতাব্দ অর্থাৎ এই ১৯৭০ সাল পর্যন্ত তো বটেই, আমরা-অর্থাৎ ভারতবর্ষ বহুদেশ কখনও এই শতাব্দীর ইতিহাস অপেক্ষা উজ্জ্বলতর ঐতিহাসিক অধ্যায় সৃষ্টি করার মত ঘটনাবলী ঘটাতে কিনা বা এই শতাব্দীর মধ্যে এক বহুদেশ—কোনও দুই কোনদিনও দুই দুইয়ে চারের মানুষে—এত ঘটনাবলী ঘটাল, তা অবিশ্বাস্য হবে কিনা এ সম্পর্কে ঘোরতর সন্দেহ আছে। সতীদাহ প্রথা নিবারণ, ব্রাহ্মসমাজের প্রবর্তন বা অনুরূপ—বাংলাদেশের সামাজিক ইতিহাসে ও জাতীয় জীবনে এক অপূর্ব সমারোহ। এ ঘটনার পুরোধা ছিলেন রামমোহন রায়।

হয়তো বা আরও আগে—হয়তো সেই মহাকবির ও মহাবিপ্লবের অভিপ্রায়ের আর একটি ধারা বা পরিবেশ সৃষ্টি হয়েছিল; এই ধারা বা পরিবেশ ঠিক বিপ্লবাত্মক ছিল না—ছিল সমাজোন্নয়নের একটি মৃদু প্রচেষ্টা।

সতীদাহ প্রথা রহিত আন্দোলন বা বিধবা বিবাহ প্রবর্তনের প্রচেষ্টার প্রতিক্রিয়ায়, বাংলার রক্ষণশীল পণ্ডিত সমাজ অবশ্যই গ্রামাঞ্চলে চণ্ডীমণ্ডপের বেদীতে সমবেত হয়ে যে আন্দোলনের সৃষ্টি করেছিলেন তাকে ক্রিয়ার সৃষ্টিতে স্বাভাবিক প্রতিক্রিয়ার উদ্যম বলে ব্যাখ্যা করা যায়। কিন্তু আকস্মিকভাবে এই ক্রিয়া-প্রতিক্রিয়ার সংঘাত সংঘর্ষের মধ্যেকার সব অসামঞ্জস্যের আদর্শ নিয়ে ঊনবিংশ শতাব্দীর পরম মহাসমন্বয়ের পুরুষ রামকৃষ্ণদেবের আবির্ভাবের ঘটনাটির মূলে এই বিশ্লেষণে নির্ণয় করা যায় না।

রামমোহনের সাধনার ফল মহর্ষির জীবিতনাথ। এবং রামকৃষ্ণ পরমহংসদেবের সাধনার সৃষ্টি যাঁর সাধনার স্বামী বিবেকানন্দ। এই দুটি তথ্যকে সম্মুখে রেখে বিচার বিশ্লেষণ করলে এ কথা বলতেই হবে যে রামমোহনের পর রবীন্দ্রনাথের আবির্ভাবকাল পর্যন্ত এক এক দুই—দুই একে দুই—দুই দুইয়ে চার এই অঙ্কের ধারার কোনখানে কোন ব্যতিক্রম হয় নি। সেখানে দুয়ে দুয়ে চারের নিয়মে মালার গাঁথা যায় না সেখানে দুয়ের নিয়ম নাই। রামমোহনের কাল থেকে রবীন্দ্রনাথে পৌঁছানো যায় অঙ্কের নিয়মে। কিন্তু বড়বাড়ীর ছেলে অক্ষেপনাথ ও অক্ষেপনাথ থেকে বিবেকানন্দে পৌঁছানো অঙ্কের নিয়মে হয় না বা যায় না। এ এক পরম রহস্য; আশ্চর্য না বলে ইচ্ছা করেই পরম শব্দ ব্যবহার করলাম। যাঁরা রামমোহনের সন্তান, নিশ্চয় তাঁরা ঠিক সুখবুদ্ধি বা সহজবুদ্ধি নন—তা বলে কেউ যদি বলে অকুবুদ্ধি তাহলে আপত্তি অবশ্যই করব এবং কেন অকুবুদ্ধি কখনই নয় তার বিস্তারিত বিশ্লেষণও দিতে পারব। নিশ্চয়ে বলতে পঞ্চদশাক্ষরও অসামান্য—কিন্তু পরমাশ্চর্য এই যে এই ঈশ্বরচন্দ্র সারাজীবন ধরে যা বললেন, বলে গেলেন তার সবই মানবকল্যাণের কথা এবং পরমতত্ত্বের বার্তা। অন্ধ অতিসাহস আত্মসরল এতখানি সহজ হয়ে ঈশ্বরের মানবজীবনের গ্রন্থি মোচিত হয়েছে এই কথার মধ্যে। আরও আছে—কোথাও পাওয়া নেই অন্ধ অন্ধ, কোথাও বিদ্বেষের নেই, কোথাও অপরিচয়তা বা দূরত্ব নেই; আছে আশ্চর্য মানুষে আশ্চর্য সরলতা এবং পবিত্রতা। বাহ্যিকতা নেই, আড়ম্বরের ছটা ছড়ানো নেই, আছে শিশুর মত সরলতা, কিশোর এবং প্রাণ ভরিয়ে দেওয়া এমন একটা কিছু যার জন্য নিরন্তর মানুষ অভুক্ত এবং উন্মুখ হয়ে ঘুরে বেড়াচ্ছে। তারও চেয়ে বড় আশ্চর্য এই যে, যে শোকে সান্ত্বনা আনে সেই বিদায় নেই মৃত্যুতে নেই বাঁচিয়ে নেই তেমনি করে শোক নিয়ে মানুষ তাঁর কাছে এসে চোখের জল মুছেছে। সান্ত্বনা পেয়েছে।

এই মানুষটির আবির্ভাবের কথাবার্তাগুলি লিপিবদ্ধ করে রাখা হয়েছে। যদি কেউ সেখানে ভুল দেখতে পাবেন কোথাও অসঙ্গতি নেই। প্রতিটি ক্ষেত্রেই সেই একই মানুষের কণ্ঠস্বর, বিশ্বাসের উদ্ভাসিত বাণী, বাণীর ভাষা ও অর্থের মধ্যে সেই এক পরম রহস্যময় পুরুষকে পাওয়া যাবে যিনি জীবনে বিদ্যাভ্যাস করেন নি অথচ সকল বিদ্যাই যেন তাঁর আয়ত্ত। যাঁর কাছে সংশয়ের কোন সমস্যাই নেই সকল সমস্যার সমাধানকে নিয়েই তিনি যেন জন্মেছেন। এমনকি নিজ নিজ ধর্মের শাস্ত্র বা পুঁথিপত্রে আরও ঢোকেন নি, এবং যা নিয়ে সংঘর্ষের ঝড় এবং সর্বনাশা ঘটনাবলীই ভারতের ইতিহাস গড়া করেছে তার সমাধানও তিনি এক কথায় করে গেছেন। বলে গেছেন, যত মত তত পথ। সব পথই সেই পরম তত্ত্বের বা পরম ঈশ্বরে গিয়ে মিলেছে, একটা পুকুরে, যার চার পাশে ঘাট, যে ঘাটেই কুম্ভের জল তুলে পুণ্যার্থিনী হবে আর যে কুম্ভেরই জল থাক সেই এক জলই পাবে এক জল যাবে।

আমাদের দেশের এই মানুষটির কথা-পুঁজি পরে তাঁর জীবনকথা শুনে ফরাসী মনীষী রোমা রলা বিস্মিত হলেন। শুধু বিস্মিত হওয়াই নয় তাঁর মহিমাকে স্বীকার করে তাকে শ্রদ্ধা করলেন।

আমাদের যুগপূর্ব মনীষীরা বিশ্ববন্দিত পণ্ডিত ও দার্শনিক তাঁরা রামকৃষ্ণ সম্বন্ধে বলেছেন—

> "Sree Ramkrishna is the symbol of the message of India for mankind—the message of unity and reconciliation From the beginning of our history many races and many religions met on this sacred Soil. In our Supreme attempt to reconcile them all to make out that the world consists of our people—though different peoples are merely the branches of that one Universal human race. That was the theory to which was given visible embodiment in the life and work of Sri Ramkrishna."

নবজাগরণের চারকোল ঘট কুম্ভকার দৃষ্টি এবং মনীষী রাজাজী (সি রাজাগোপালাচারী) বলেছেন—

> "There is no commentary of the Bhaghat Gita or Upanishads which can surpass the sayings of Ramkrishna Dev. He was the Upanishadas in flesh and blood, he was the Bhaghat Gita in flesh and blood."

এই কারণেই এই মানুষের আবির্ভাব পরম বিস্ময়কর; এঁর আবির্ভাব অনুসন্ধান বিজ্ঞান এবং সমাজজীবনে প্রভাব বিস্তার মানুষের সৃষ্টি এমনকি বৈজ্ঞানিক সৃষ্টির বিশ্লেষণ আমাদের বাইরে।

স্বামী বিবেকানন্দ চিকাগো ধর্মসভায় যে চিরস্মরণীয় বক্তৃতা করেছিলেন এবং সমস্ত সমাজিকতাকে পৃথিবীতে বহু ও সভ্যতার ক্ষেত্রে সম্মুখে সাহিত্যে তাঁকে ঈশ্বরকে ধারণাতীত করেছিলেন সে সম্পর্কে তিনি বলে গেছেন—সমস্ত বাণীর সমস্ত উৎস ও আকরের উৎস ছিলেন আমার গুরু আমার প্রভু my master.

আরও আশ্চর্যের কথা এই যে এই একটি ধারার আবির্ভাবকে অবলম্বন করে সমস্ত ধর্মসম্প্রদায় বিভাগ

প্রবাহিত হয়ে সমুদ্রের পানে অগ্রসর হল; নবজীবন—নতুন ভাব আরম্ভ হল সে জাতে।

বঙ্কিম মহারাজের পর্যায়ে উন্নীত হল।

বন্দুদের মধ্যে ঈশ্বর প্রচারক হয়ে দেখা দিয়ে পূজা চাইলেন।

বন্দুদের বাহ্যিক এবং জাতির সংস্কারগত সাদৃশ্যের ব্যতিক্রমের পরিবর্তন হল। ফলে বিশ্বের তুলসীদল গঙ্গাজল চন্দন সহযোগে নিত্য পূজার ঠেকে যাদের সেবা দরিদ্রের অর্চনা পরিহৃতের বা উচ্চতর পর্যায় বলে অনুভূত ও উপলব্ধ হল। সুতরাং বন্দুর অন্তর্দৃষ্টিতে এই অবিভাবকে পরম আবিভাব বলে স্বীকার করে এই বাহ্যিকের অধো দিয়া এবং অলৌকিক সত্তার আকাশ অনুভব করে নৈবেদ্যের অধো আশ্বাস পায়। বিশ্বাস যেন ইতিহাসের পৃষ্ঠা থেকে উঁকি মেরে বলে, বন্দুদের জগতের সকল প্রমাণাতীত প্রমাণ এইভাবেই যুগে যুগে জাতের অস্তিত্বের পরম আবির্ভাবকে সত্য করে গেছে। অন্ত এই আবির্ভাব তত সহজ ও তত সাধারণ। আবার বিন্দুর মধ্যে সিন্ধুর মত এর অনন্ত গভীরতা। তাঁর সাতজীবনেই এমন অসাধ্য উঁচুতে সত্যম্ব যায় সবাই তাঁর প্রণম আশীর্বাদে ধন্য ও জীবনের সকল গ্লানি ও জালিমা থেকে মুক্ত ও উজ্জ্বল। প্রতি ১লা জানুয়ারী আসে আর এমনই একটি মহান আশীর্বাদ যেন আকাশ বাতাস থেকে সারা জাতির মধ্যার উপর বর্ষিত হয় মুখর হয়ে ওঠে।

১৮৮৬ সালের ১লা জানুয়ারী রোগ-কল্পতরু সেজে সাধারণ বেশভূষায় এই অসাধারণ মানুষটি তাঁর ভক্তদের তাঁর সাধারণ সহজ ভাষায় আশীর্বাদ করেছিলেন—আমি তোদের সকলকে আশীর্বাদ করি তোদের চৈতন্যময় হোক—তোরা বিজ্ঞানময় লাভ কর।

এই সামান্য কটি কথা কত সহজ ও সাধারণ তত প্রশান্ত ও গম্ভীর। এই সামান্য কটি কথায় অভিব্যক্তে তাঁর ভক্তেরা কেমন কেউ কোনোদিন কেউ উন্নাসিত উল্লাসে হেসেছিল, কেউ বা বাকশূন্য হয়ে চেয়েছিল বা হয়েছিল। এই অসাধারণ মহামানব পুরুষটির স্বাভা উন্নাসিত শক্তি-কটির মহিমা ও তীব্রতা কতখানি তা ভক্তদের এই অভিনব আচরণ থেকেই সকল কালেই মানুষ অনুমান করতে পারবে। এবং চৈতন্য ও বিজ্ঞানের ফল যদি জীবনে চরিত্রের মহাপ্রকাশ হয়, তা হলে ১৮৮৬ সাল থেকে ১৯৪০ সাল পর্যন্ত বাঙালীর জাতীয় জীবনে চরিত্রে বিদ্যুৎশক্তির আলোর প্রকাশে তা সত্য বলে সপ্রমাণিত হয়েছে। স্বামীজীর আবির্ভাবে যে চৈতন্য-মহিমার উদয় হয়েছে—নেতাজী সুভাষচন্দ্রের অন্তর্ধানের সঙ্গে সঙ্গে তার অস্ত ঘটেছে। এই দুটি চরিত্রের তত সাদৃশ্য। এর দ্বারা এ কথা আমি অবশ্যই বলছি না যে, বাঙালী চরিত্রের এই অভাবের প্রকাশ একমাত্র তাঁর আশীর্বাদেই সম্ভবপর হয়েছিল। আমি বলছি বাঙালী চরিত্র এইভাবে যে মহিমার প্রকাশ হয়েছে তার পশ্চাতের অন্তরঙ্গ পরিচয়ে যে সাধনা স্বামী বিবেকানন্দ এবং তাঁর অনুবর্তীগণ করেছেন তাকে অন্তরঙ্গভাবে ইতিহাসকে স্বীকার করতে হবে।

প্রমাণ থাক—তার প্রয়োজন থাকে। এখন তিনি যে আশীর্বাদ করেছিলেন তার কথাই বলি। তিনি বলেছিলেন তোদের বিজ্ঞানময় হোক—চৈতন্যময় হোক। যে দানের জন্য যে ভোগের জন্য আমরা প্রাত্যহিক জীবনে জীবনযাত্রার অভ্যাস তাকনার অন্তরে পরিচিত ও তাড়িত অন্ত যা লাভ করলেও সুখ দুঃখ সুখই ভোগ যায় প্রণমের আত্যন্তিক তুলনা নিবৃত্তি হয় না তার ইন্দ্রিত মাত্রও তাঁর এ উক্তির মধ্যে নেই। সেই মহাসাধক সেদিন তাঁর ভক্তদের যে বিদ্যা বর ও বিদ্যা আশীর্বাদ দান করেছিলেন তারই অন্তরঙ্গ প্রভাবের জন্য আজও প্রতি এক সমাজীয় এপারেও তুলসী চন্দন প্রণমের আকৃতি নিয়ে ছুটে আসেন। যে যেমন পারেন অন্তর অন্তরকুম্ভের তীর্থ-বারি ভেঙে আপনার অন্তরের তৃষ্ণার নিবৃত্তি করতে চান। যা নিবৃত্তি করে নেন।

আমরাত্রেই অন্তরকুম্ভের পানীয়ে এই যে তৃষ্ণা-মোচন, এই অন্তরকুম্ভ কি সেই মহাসাধক জন্মমুহূর্তেই বিধাতার চিহ্নিত পুরুষ হিসাবে লাভ করেছিলেন না তাকে দীর্ঘ তপস্যায় আয়ত্ত করেছিলেন? এ প্রশ্নের উত্তর আমার পক্ষে দেওয়া সুকঠিন। কারণ যে তপস্যা ও শক্তি থাকলে এর উত্তর দেওয়া যায় তা আমার নেই, এ কথা সবিনয়ে স্বীকার করি। তবু এই প্রশ্ন আমাকে পীড়িত করে আমার সম্মুখে তাকও নিরুত্তর হয়েছে। তবু যার যার মনে হয়েছে হয়তো প্রশ্নের সৃষ্টি আলোই সত্য করে। তিনি জন্মমুহূর্তে বিধাতার চিহ্নিত পুরুষ কালক্রমে কালোচিত মূর্তিতে আত্মপ্রকাশ করবার জন্যই তাঁর এই কালোচিত সাধনার প্রয়োজন হয়েছিল।

তখন ঊনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ। পাশ্চাত্য সভ্যতার সম্পর্কে ও প্রভাবে তখন আমাদের দেশের সংস্কৃতি ও মনের পরস্পর বিরুদ্ধ দুই ধর্ম, সংস্কৃতি ও চিন্তার এক সমন্বিত মূর্তির জন্য সচেতন ও আকুল। প্রাচীন হিন্দুধর্ম অন্ধবিশ্বাসী, কোনো থেকে তাত্ত্বিকতা, বৈষ্ণব ও শাক্ত-চিন্তা পর্যন্ত বিস্তৃত; মুসলমান ধর্ম তখন হিন্দুধর্মের মতই এই দেশের এক স্থায়ী মূর্তি অধোর ধর্ম; খৃষ্টধর্ম ও পাশ্চাত্য সংস্কৃতি তখন নবীনের উদ্যমতা নিয়ে সমারোহে অবতীর্ণ হয়েছে। এই লৌকিক ও আত্মিক পরিপ্রেক্ষিতে এক সমন্বিত মন্ত্র, ধ্যান ও তত্ত্বের জন্য এক মূর্তির উদারতা, এক অন্তর স্পৃহা ও কঠিন সাধনের প্রয়োজন ছিল। এই সমন্বয়ের ধ্যানে তখনও সমস্ত মনীষীরা মগ্ন। অন্তত ঐতিহাসিক তার সম্মুখীন হওয়া মত তাকে একান্ত সহজে অন্তরঙ্গ করে নিয়েছিলেন। আপনার সাধনার মধ্যে এক এক সমস্ত সাধনপন্থাকে গ্রহণ করে অনায়াসে আত্ম স্বাধনপন্থার মধ্যে এক এক সাধনকে সমাপ্ত করে, তার পূর্ণ ফল নিজের মধ্যে গ্রহণ করতে পেরেছিলেন। অথচ মধ্য মধ্য সাধকরা এই এক এক মার্গে সাধনা করে সমস্ত জীবনব্যাপী তপস্যার অন্তেও সেই বিশেষ সাধনপন্থার পূর্ণ ফল লাভ করতে পারেন না। এই পুরুষ সমাধান সাধিকতাকালের মধ্যে সমস্ত সাধনা সমাপ্ত করে আবার জন্মহীনত্ব বাসনের মত সর্বদেবের, যেখান থেকে সাধনা আরম্ভ করেছিলেন সেইখানেই সেই জন্মী ভক্তদীপের অন্তরালে আবার গ্রহণ করে সমস্ত, সমস্তের, একান্ত নির্ভরতার মধ্যে সেই বিভিন্নের সমন্বয়ে সমন্বিত সাধনার শেষ ফল ফলদ ভক্তে উন্নীত করেছিলেন—যা, তথাস্তু যা। এর দ্বারা তিনি জগতের সম্মুখে ধর্মজীবনের এক চরমপথ উন্মোচিত করেছিলেন। অর্ধ-নিমেলিত অথবা সর্বদেবের পূর্ণ প্রকাশে চরিত্রমধ্যে ভাবসংঘের পরিকল্পনার একমাত্র বলিষ্ঠ কাঠি হয়েছিল। এমন মহিমার যে অন্তরঙ্গময় জীবনের প্রকাশ সে প্রকাশের মধ্যে যা অমিতা অন্তরঙ্গ ছাড়া আর কিছু হয় না যা হতে পারে না।

প্রস্তুতকারক : কিং এণ্ড কোং ৯৮/৬৪ বরাহা পাড়ী রোড, কলিকাতা-৭

পরিবেশক : আর, টি, এস এণ্ড কোং, ২১৭, বিধান সরণী, কলি-৬ ফোন ৩৪-৩৮৩৬

বিম এণ্ড কোম্পানীর (সকল শাখার) ঔষধ বিক্রয় প্রতিদিন সকাল ৮টা হইতে রাত্রি ৮টা পর্যন্ত খোলা থাকে।

বিজ্ঞান কংগ্রেসে ৩৫ কে গোপালন চালুনিলা সম্পর্কে বক্তৃতা করছেন।

বিজ্ঞানের কথা

খড়গপুরে বিজ্ঞান কংগ্রেস

একদিন যা ছিল বাংলাদেশে ছিজলী কৃষিশিবির যা আটক-শিবিরহুসে পরিচিত এবং ১৯৩১ সালের ১৬ সেপ্টেম্বর যেখানে শহীদ সন্তোষকুমার মিত্র এবং তারকেশ্বর সেনগুপ্ত বৃটিশ শাসকের গুলীতে নিহত হন, আজ সেখানে গড়ে উঠেছে ভারতে বিজ্ঞান শিক্ষার এক নব তীর্থক্ষেত্র। সে তীর্থক্ষেত্র হচ্ছে বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা শিক্ষাকেন্দ্র ইণ্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি। এই নামে আজ ভারতের বিভিন্ন প্রদেশে উচ্চস্তরে বিজ্ঞান ও প্রযুক্তি-বিদ্যার যে পাঁচটি শিক্ষাকেন্দ্র স্থাপিত হয়েছে, খড়গপুরের আই আই টি হচ্ছে তাদের মধ্যে সর্বপ্রথম। এবছর ভারতীয় বিজ্ঞান কংগ্রেসের ৫৭তম বার্ষিক অধি-বেশনের আসর বসেছিল খড়গপুরের এই আই আই টি-র অঙ্গনে, গত ৩-৯ জানুয়ারী।

যেদিন জানুয়ারী সকলে প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী এই অধিবেশনের উদ্বোধন করলেন এবং পশ্চিমবঙ্গের মুখ্য-মন্ত্রী শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় স্বাগত জানালেন সমবেত দেশী ও বিদেশাগত বিশিষ্ট বিজ্ঞানী এবং প্রতিনিধিদের। তার আগে স্থানীয় অভ্যর্থনা সমিতির সভাপতি আই আই টি-র অধিকর্তা অধ্যাপক এস কে বসু সমবেত সকলকে অভ্যর্থনা জানান।

উদ্বোধনী ভাষণে শ্রীমতী গান্ধী বলেন। বিজ্ঞান সামাজিক পরিবর্তনের একটি শক্তিশালী হাতিয়ার। উৎপাদন ও কর্মের উন্নয়নের সঙ্গেই এর যোগ রয়েছে। দেশ ও দেশের বিজ্ঞানীদের সামনে একই চ্যালেঞ্জ বিদ্যমান। তা হল—সম্পদ সীমিত, কর্মপদ্ধতি পুরনো; তবু কাজ চালিয়ে যেতে হবে, এগিয়ে যেতে হবে। তাই বিজ্ঞানীদেরও সমাজসচেতনার উন্মেষ ঘটতে হবে। তাঁর নিজের ভবিষ্যৎ যে দেশের ভবিষ্যতের সঙ্গে জড়িত, একথা প্রতিটি বিজ্ঞানীকে আজ অনুধাবন করতে হবে। শুধু বিজ্ঞান নয়, প্রশাসনিকারী যন্ত্রগুলিকে এক সঙ্গে গড়ে তোলার কাজেও তাঁদের অবদান চাই।

